

ESTD–April 1, 1986

Phone : (033) 2411-6711

NETAJI NAGAR COLLEGE FOR WOMEN



REACCREDITED BY NAAC WITH GRADE B⁺

170/13/1, Netaji Subhas Chandra Bose Road

Regent Estate, Kolkata-700 092

E-mail : netajinagarwomen@yahoo.com

Website : www.netajinagarcollegeforwomen.in



26 th September, 1932 - 26 th December, 2024

DEEPEST CONDOLENCES ON THE PASSING OF

DR. MANMOHAN SINGH

Department of Economics,

Netaji Nagar College for Women, Kolkata-92

RIP SIR

NETAJI NAGAR COLLEGE FOR WOMEN**REACCREDITED BY NAAC WITH GRADE B+**

170/13/1, Netaji Subhas Chandra Bose Road

Regent Estate, Kolkata-700 092

E-mail : netajinagarwomen@yahoo.com

Website : www.netajinagarcollegeforwomen.in

রাজনীতিবিদ কম, সংস্কারক বেশি। অর্থমন্ত্রী হিসেবে ভারতের বৈদেশিক মুদ্রা রিজার্ভ দুই বছরেই দশ গুণ বাড়িয়েছিলেন। আবার প্রধানমন্ত্রী হিসেবে চালু করেছিলেন আধার থেকে ১০০ দিনের কাজ, খাদ্য সুরক্ষা আইন।

শিক্ষাবিদ, আমলা, রাজনীতিবিদ - অনেক পরিচয়ই আছে প্রয়াত প্রাক্তন প্রধানমন্ত্রী মনমোহন সিংয়ের। তবে ভারত তাঁকে সবথেকে বেশি মনে রাখবে 'সংস্কারক' হিসেবে। অর্থমন্ত্রী হিসেবে ১৯৯১ সালে তাঁর স্বপ্নের বাজেট ঘুরিয়েছিল ভারতের ভাগ্য। পরে প্রধানমন্ত্রী হিসেবে ১০ বছরে একাধিক গুরুত্বপূর্ণ সিদ্ধান্তও নিয়েছিলেন তিনি।

১৯৯১ সালে তীব্র অর্থনৈতিক সঙ্কটের মুখে পড়েছিল ভারত। সেই সময় বৈদেশিক মুদ্রার রিজার্ভ গিয়ে ঠেকেছিল মাত্র ১.২ বিলিয়ন ডলারে। স্বভাবতই দেখা দেয় ব্যালেন্স অফ পেমেন্ট সঙ্কট। মাথার উপর ঋণের বোঝা বাড়তেই থাকে। তখন চন্দ্রশেখরের সরকার আইএমএফ-এর থেকে ২.২ বিলিয়ন ডলার ঋণ নিয়েছিল কয়েক টন সোনা বন্ধক রেখে। অবশ্য এরই মাঝে নির্বাচন অনুষ্ঠিত হয় দেশে। কংগ্রেস জয়ী হয়। প্রধানমন্ত্রী হন নরসিমহা রাও। অর্থমন্ত্রী হন মনমোহন সিং।

এরপর মনমোহনের হাত ধরে অর্থনীতিক উদারীকরণের পথে হাঁটে ভারত। তার আগে প্রায় দেউলিয়া হওয়ার মুখে দাঁড়িয়েছিল ভারত। এরই সঙ্গে মুদ্রাস্ফীতি পৌঁছে গিয়েছিল দুই অঙ্কে। ছিল রাজস্বের বিশাল ঘাটতি। সেই সঙ্কট থেকে ভারতকে বের করে এনেছিলেন মনমোহন সিং। ১৯৯১ সালের ২৪ জুলাই সংসদে তার প্রথম বাজেট পেশ করেছিলেন অর্থমন্ত্রী মনমোহন সিং। সেই বাজেটই ভারতকে ঘুরে দাঁড়াতে সাহায্য করেছিল।

নিজের বাজেটে বিদেশি বিনিয়োগের উপর বিধিনিষেধ তুলে দিয়েছিলেন মনমোহন সিং। অবসান ঘটেছিল লাইসেন্স রাজের। সেই বাজেটেই ১৮টি গুরুত্বপূর্ণ ক্ষেত্র বাদে বাকি সব খাতের জন্য বাতিল করা হয়েছিল শিল্প লাইসেন্স। এর জেরে অবশ্য কর্পোরেট ট্যাক্স বাড়ানো হয়েছিল। গ্যাস, পেট্রোল এবং চিনির মতো নিত্য প্রয়োজনীয় জিনিসগুলিতে ভর্তুকি কমাতে হয়েছিল। এই আবহে মনমোহন সিং ঝুঁকিয়ে নিয়েছিলেন। তবে শেষ পর্যন্ত তিনি সফল হয়েছিলেন। তাঁর হাত ধরে শিল্পের আধুনিকিকরণ ঘটেছিল দেশে।

মনমোহন সিং যখন অর্থমন্ত্রী হয়েছিলেন, তখন ভারতের পকেটে ছিল মাত্র ১০০ কোটি ডলার। তবে ২ বছরেই ভারতের বৈদেশিক মুদ্রা রিজার্ভ বেড়ে ১০০০ কোটি ডলার হয়েছিল।

ESTD—April 1, 1986

Phone : (033) 2411-6711

NETAJI NAGAR COLLEGE FOR WOMEN



REACCREDITED BY NAAC WITH GRADE B⁺

170/13/1, Netaji Subhas Chandra Bose Road

Regent Estate, Kolkata-700 092

E-mail : netajinagarwomen@yahoo.com

Website : www.netajinagarcollegeforwomen.in

শুধু অর্থমন্ত্রী হিসেবেই নয়, পরবর্তীকালে প্রধানমন্ত্রী থাকাকালীন মনমোহন সিংয়ের হাত ধরে বেশ কিছু সরকারি প্রকল্প চালু হয়, যার গুরুত্ব আজকের দিনে অপরিসীম।

মনমোহন সিংয়ের জমানায় ২০০৫ সালে চালু হয়েছিল :

- মনরেগা (**MGNREGA 2005**) বা ১০০ দিনের কাজ।
- জাতীয় খাদ্য নিরাপত্তা ও মান আইনও (**Food Safety and Standards Act, 2006**) পাশ হয়েছিল মনমোহন সিংয়ের সময়।
- এরই অধীনে প্রধানমন্ত্রী গরিব কল্যাণ অন্ন যোজনা (**Pradhan Mantri Garib Kalyan Anna Yojana**) চালু করেছিলেন প্রধানমন্ত্রী মোদী।
- এদিকে মনমোহনের সময়কালেই আধার কার্ড চালু হয়েছিল দেশে।
- এছাড়া রাইট টু ইনফরমেশন (**RTI**) বা তথ্য জানার অধিকার আইন পাস হয় মনমোহন সিং এর আমলে।
- মনমোহন সিংয়ের মেয়াদকালে ভারত ও আমেরিকার মধ্যে অসামরিক পরমাণু চুক্তি (**Indo-US Civilian Nuclear Agreement / Indo-US Nuclear Deal**) স্বাক্ষরিত হয়েছিল। এটি ছিলো ভারতীয় প্রজাতন্ত্র ও মার্কিন যুক্তরাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত একটি দ্বিপাক্ষিক অসামরিক পারমাণবিক সহযোগিতা সন্মতিপত্র। মার্কিন রাষ্ট্রপতি জর্জ ডব্লিউ বুশ ও ভারতীয় প্রধানমন্ত্রী মনমোহন সিং এই চুক্তির রূপরেখা রচনা করেন। এই চুক্তি অনুযায়ী ভারত তার সামরিক ও অসামরিক পারমাণবিক দ্রব্যসম্ভারের পৃথকীকরণ ও অসামরিক পারমাণবিক দ্রব্যসম্ভার আন্তর্জাতিক পরমাণু শক্তি সংস্থা (আইএইএ)-এর নিরাপত্তায় স্থাপন করতে সম্মত হয়; বিনিময়ে মার্কিন যুক্তরাষ্ট্রও ভারতকে সম্পূর্ণ অসামরিক পারমাণবিক সহায়তাদানে সম্মত হয়।

RIP SIR